মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের জন্য নিজস্ব জমিতে ভবন নির্মাণের পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে বলে জানিয়েছেন ব্যাংকটির ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল ইসলাম।

শনিবার (১৩ জানুয়ারি) মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের কার্যালয়ে অনুষ্ঠিত ব্যাংকটির ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক সাধারণ সভায় তিনি এ কথা জানান। তিনি বলেন, ব্যাংকের ভবন নির্মাণের ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি ও প্রক্রিয়া শুরু হয়েছে। আশা করছি দ্রুত কাজ শুরু করতে পারবো।

বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন নুরুল ইসলাম। গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি অ্যাডভোকেট কাজী শহিদুল হক, সাবেক সভাপতি অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক আব্দুল মজিদ, সাবেক সহসভাপতি তোজাম্মেল হক, মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, সমবায় ব্যাংকের ভারপ্রাপ্ত কর্মকর্তা নুরুজ্জামানসহ সমবায় বৃন্দ।

শনিবার বেলা ১১ টায় বার্ষিক সাধারণ সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। অতঃপর মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রী করাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও জনপ্রশাসন মন্ত্রীকে অভিনন্দন জানিয়ে একটি প্রস্তাব পাস করা হয়।

১৯১৯ সালে প্রতিষ্ঠিত (নিবন্ধন নম্বর-১৬) মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ৩৫ টি সদস্য সমিতির মধ্যে ২০ টি সদস্য সমিতির প্রতিনিধিগণ এই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন। ব্যাংকটির ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ নুরুজ্জামান বার্ষিক কার্যক্রমের রিপোর্ট পাঠ করেন। এ সময় সর্ব-সম্মতিক্রমে কয়েকটি উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়। অতঃপর মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করা হয়।